

জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-২
www.mefwd.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০০০.১০৫.০৫.০০৩.২১-২৯

তারিখ: ০১ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ
১৫ মার্চ, ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: ২০২১-২২ অর্থবছরের এপিএ ৩য় ত্রৈমাসিক প্রতিবেদনের প্রমাণক হিসেবে পরিদর্শন প্রতিবেদন দাখিল।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ অর্থবছরে এ বিভাগের এপিএ'র কৌশলগত উদ্দেশ্য ২.৩ (স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন বিভিন্ন প্রতিষ্ঠান পরিদর্শন) এর ২.৩.১ নং সূচকের আওতায় (পরিদর্শনকৃত স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ প্রতিষ্ঠান) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সংশ্লিষ্ট সকল শাখা হতে বিভিন্ন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ প্রতিষ্ঠান/সংস্থা/অফিস পরিদর্শনপূর্বক প্রস্তুতকৃত প্রতিবেদন এ বিভাগের ওয়েবসাইটের নির্ধারিত কলামে আপলোড করার বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু এ বিভাগের অধিকাংশ কর্মকর্তাই এ সংক্রান্ত পরিদর্শন প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড না করায় উল্লিখিত এপিএ'র সূচকে কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হচ্ছে না। এ অবস্থায় পরিদর্শন প্রতিবেদনসমূহ ওয়েব সাইটে আপলোড করার জন্য আগামী ২০-০৩-২০২২ এর মধ্যে কম্পিউটার সেল এর প্রোগ্রামার-এর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হল এবং প্রতিবেদনসমূহের হার্ডকপি সামারি শীট তৈরীর নিমিত্ত জরুরী ভিত্তিতে প্রশাসন-২ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোর্ট/নাসিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
- ২। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ৩। মহাপরিচালক, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
- ৪। যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ৫। উপসচিব (সকল)/উপপ্রধান, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ৬। সি:সহ:সচিব/সহকারী সচিব/হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

(মো: আবদুল্লাহ হারুন)
উপসচিব (প্রশাসন-২)

ও

এপিএ ফোকাল পয়েন্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্মারক নং-৫৯.০০.০০০০.১০৫.০৫.০০৩.২১-২৯

তারিখ: ০১ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ
১৫ মার্চ, ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল:

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

(মো: আবদুল্লাহ হারুন)
উপসচিব (প্রশাসন-২)